বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.১১৯ তারিখ: ১১ আশ্বিন ১৪৩০
২৬ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: **বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর কার্যক্রম [২.১] অনুসারে ১ম ত্রৈমাসিকে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কাউন্সিলের বিভাগ/ইউনিট/শাখার সমন্বয়ে আয়োজিত' সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর কার্যক্রম [২.১] অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কাউন্সিলের বিভাগ/ইউনিট/শাখার সমন্বয়ে ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩) সভা গত ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখে বিএআরসিতে সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২৬-৯-২০২৩
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান
ফোন: +৮৮০২-৪১০২৫২৫২
ফ্যাক্স: +৮৮-০২-২২২২৪২৬৪৬
ইমেইল: ec.barc@barc.gov.bd

সচিব
সচিবের দপ্তর
কৃষি মন্ত্রণালয়

**দৃষ্টি আকর্ষণঃ** যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.১১৯/১(১৭) তারিখ: ১১ আশ্বিন ১৪৩০
২৬ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সদস্য পরিচালক এবং পরিচালক (সকল), বিএআরসি (আপনার আওতাধীন বিভাগ/ইউনিট/শাখায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
২) পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।
৩) উপসচিব, মনিটরিং ও রিপোর্টিং শাখা, কৃষি মন্ত্রণালয়
৪) ড. সুরাইয়া পারভীন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, টিটিএমইউ ও ফোকাল পয়েন্ট, এপিএ টীম, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
৫) ড. মোঃ জহিরুল ইসলাম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, শস্য বিভাগ ও ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

৬) জনাব মোঃ সাজ্জাদুর রহমান সরকার, সিনিয়র রিপ্রগ্রাফিক অফিসার, লাইব্রেরী এন্ড রিপ্রোগ্রাফিক শাখা ও বিকল্প ফোকাল পয়েন্ট, সিটিচেন চার্টার, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

২৬-৯-২০২৩
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

**বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল**
**নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫**
www.barc.gov.bd

বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২৩-২০২৪ কর্মপরিকল্পনায় কার্যক্রম [২.১] এর আওতায় ''সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগ/ইউনিট/শাখার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন'' সংক্রান্ত অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি। |
| তারিখ ও সময় | : ২৫ সেপ্টেম্বর ২০২৩; বিকাল ৩.৩০ ঘটিকা। |
| স্থান | : সভাকক্ষ-১, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| উপস্থিতির তালিকা | : পরিশিষ্ট 'ক' |

১। সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর ড. মো: জহিরুল ইসলাম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য), ফোকাল পয়েন্ট সিটিজেন চার্টার এবং সদস্য সচিব, সিটিজেন চার্টার হালনাগাদকরণ ও পরিবীক্ষণ কমিটি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় ২০২৩-২০২৪ কার্যক্রম [২.১] মোতাবেক সেবা কার্যক্রম কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত 'সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার/বিভাগ/ইউনিট/শাখার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন' এর ৪টি লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সে অনুসারে ১ম ত্রৈমাসিকে বিএআরসি'র আওতাধীন প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগের মৃত্তিকা ইউনিট এবং প্রশাসন ও অর্থ বিভাগের সাপোর্ট সার্ভিস ইউনিট ও অর্থ ইউনিটের প্রদত্ত সেবা কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে উক্ত ইউনিট ও শাখা পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে এ সভার আয়োজন করা হয়েছে।

২। সভাপতি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) স্ব স্ব প্রতিষ্ঠানের সেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করছে। তাছাড়া, সিটিজেন চার্টার এর মাধ্যমে সেবা সংক্রান্ত তথ্য নাগরিকের নিকট সহজলভ্য হওয়া, সেবা প্রক্রিয়ায় সকল নাগরিকের অংশীদারিত্ব বৃদ্ধিসহ সরকারি কর্মকর্তা-কর্মচারীদের কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বাড়ছে। তিনি আরও বলেন, সেবা কার্যক্রম কার্যকরভাবে বাস্তবায়নের অংশ হিসেবে বিএআরসি এর আওতাধীন বিভাগ, ইউনিট ও শাখার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে আয়োজিত সভাটি সেবাগ্রহীতাদের নির্ধারিত সময়ে মানসম্পন্ন সেবা পেতে অগ্রণী ভূমিকা পালন করবে।

৩। এ প্রসঙ্গে ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার বলেন, বিএআরসি এর আওতাধীন সকল বিভাগ, ইউনিট, কেন্দ্র ও বিভিন্ন শাখা থেকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা এবং অভ্যন্তরীণ সেবা প্রদান করা হয়ে থাকে। এ পর্যায়ে তিনি প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগের মৃত্তিকা ইউনিট এবং প্রশাসন ও অর্থ বিভাগের সাপোর্ট সার্ভিস ইউনিট ও অর্থ ইউনিট প্রদত্ত সিটিজেন চার্টার অনুযায়ী সেবা কার্যক্রম উপস্থাপন করেন।

৪। এ বিষয়ে ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগের (১) মৃত্তিকা ইউনিট কর্তৃক প্রদত্ত নাগরিক সেবা: সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ; এবং প্রশাসন ও অর্থ বিভাগের (১) অর্থ ইউনিট কর্তৃক প্রদত্ত দাপ্তরিক সেবা: প্রকল্পের বিল ভাউচারের পরিবর্তে অর্থ প্রদান; এবং অভ্যন্তরীণ সেবাসমূহ: সিপিএফ অগ্রিম/চুড়ান্ত মঞ্জুর, কল্যাণ তহবিল ও গোষ্ঠী বীমা এবং (২) সাপোর্ট সার্ভিস ইউনিটের আওতাধীন (ক) নির্মাণ ও রক্ষণাবেক্ষণ শাখা প্রদত্ত দাপ্তরিক সেবা: পানি, বিদ্যুৎ, টেলিফোন, গ্যাস ও সিটি কর্পোরেশনের বিল পরিশোধ ও অভ্যন্তরীণ সেবা নির্মাণ ও রক্ষণাবেক্ষণ সার্ভিস, দাপ্তরিক/আবাসিক টেলিফোন সংযোগ; (খ) সংস্থাপন শাখা কর্তৃক প্রদত্ত অভ্যন্তরীণ সেবা: গ্র্যাচুইটি মঞ্জুর, পিআরএল মঞ্জুর, ছুটি নগদায়ন ও বিভিন্ন অর্জিত ছুটি এবং (গ) সংগ্রহ শাখা প্রদত্ত পণ্য ক্রয় ও মুদ্রণ সার্ভিস, স্টেশনারী পন্য সরবরাহ ইত্যাদি সেবাসমূহের সেবা প্রদান পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ সামগ্রিক সেবা প্রদান প্রক্রিয়া উপস্থাপন করেন।

৫। সভাপতি সভায় অংশগ্রহণকারীদের বিএআরসি এর প্রদত্ত প্রতিশ্রুত সেবা সম্পর্কে আলোচনা ও মতামতের আহবান জানান। সভায় বিএআরসি এর প্রদত্ত সেবা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

৫.১ সিটিজেন চার্টার মোতাবেক নির্ধারিত কার্যদিবসে সেবা প্রদান বিষয়ে আলোচনা করা হয়।

৫.২ পরিচালক (অর্থ), বিএআরসি কর্তৃক প্রস্তাবিত কাউন্সিলের অর্থ ইউনিট প্রদত্ত দুটি অভ্যন্তরীণ সেবা সিপিএফ অগ্রিম/চূড়ান্ত মঞ্জুরী এবং কল্যাণ তহবিল এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিস্থাপন বিষয়ে আলোচনা করা হয়।

৫.৩ ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০২৩)-এ সিটিজেন চার্টার হালনাগাকরণ এবং হালনাদকরণ পূর্ববর্তী ও পরবর্তী স্ক্রীণশট কৃষি মন্ত্রণালয় প্রেরণ বিষয়ে আলোচনা করা হয়।

০৬। সিদ্ধান্ত: সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ৬.১ | সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত কার্যদিবসে সেবা গ্রহীতাদের মান সম্পন্ন সেবা প্রদান নিশ্চিতকরণ; | সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা, বিএআরসি |
| ৬.২ | কাউন্সিলের অর্থ ইউনিট প্রদত্ত তিনটি অভ্যন্তরীণ সেবা সিপিএফ অগ্রিম/চূড়ান্ত মঞ্জুরী, কল্যাণ তহবিল এবং গোষ্ঠী বীমা এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে যথাক্রমে সিনিয়র সহকারী পরিচালক (বাজেট), সহকারী পরিচালক (অডিট) এবং সিনিয়র সহকারী পরিচালক (বাজেট) এর নাম ও তথ্য সিটিজেন চার্টারে প্রতিস্থাপন; | সিটিজেন চার্টার হালনাগাদকরণ ও পরিবীক্ষণ কমিটি, বিএআরসি |
| ৬.৩ | ১ম ত্রৈমাসিকে সিটিজেন চার্টার হালনাগাদকরণ, ওয়েবসাইটে আপলোড ও কৃষি মন্ত্রণালয়ে আপডেট তথ্যসহ পূর্ববর্তী ও পরবর্তী স্ক্রীণশট কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | সিটিজেন চার্টার হালনাগাদকরণ ও পরিবীক্ষণ কমিটি, বিএআরসি |

০৭। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

(ড. মোঃ ছায়ফুল্লাহ)
সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ)
বিএআরসি।